

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ

১৪১-১৪৩ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

নথি নং-১৮.৭০৭.০৪৭.০০.০০.৩৩৯.২০২৬/৫২৬

তারিখঃ ০১/০৬/২০২৬খ্রিঃ

জনাব আহাম্মদ মোস্তফা আলী
নিম্নমান সহকারী/মুদ্রাক্ষরিক
ড্রেজ ট্রেনিং ইনস্টিটিউট
বিআইডব্লিউটিএ
শিমুলিয়া, মুন্সিগঞ্জ।

বিষয়ঃ অভিযোগনামা।

যেহেতু, আপনি জনাব আহাম্মদ মোস্তফা আলী, নিম্নমান সহকারী/মুদ্রাক্ষরিক, ডেক ও ইঞ্জিন কর্মী প্রশিক্ষণ কেন্দ্র (ডিইপিটিসি), সোনাকান্দা, বিআইডব্লিউটিএ, নারায়ণগঞ্জ কর্মরত থাকাকালীন সময়ে কর্মস্থলে দায়িত্ব পালনে অবহেলা করেছেন, অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন, যথাসময়ে অফিসে উপস্থিত থাকতেন না, অফিস সময় শেষ হওয়ার পূর্বেই কর্মস্থল ত্যাগ করতেন এবং সহকর্মীদের সাথে অসদাচরণ করতেন; যেহেতু, আপনার এ ধরনের আচরণের কারণে প্রতিষ্ঠানের শৃংখলা ও সুনাম ক্ষুণ্ণ হয়েছে এবং ডিইপিটিসির ক্যাডেটদের মাঝে দায়িত্ব পালনে অনীহা সৃষ্টি হয়েছে; এতে প্রতিষ্ঠানের স্বাভাবিক কার্যক্রমে বিরূপ প্রভাব পড়েছে; যেহেতু, এ সংক্রান্ত বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর হতে আপনাকে গত ১১/১২/২০২৫খ্রিঃ ও ২৯/০৩/২০২৬খ্রিঃ তারিখ কারণ দর্শানো/কেফিয়ত তলব করা হয়েছে; যেহেতু, আপনার আচরণের উল্লেখযোগ্য কোন পরিবর্তন পরিলক্ষিত হয়নি;

যেহেতু, আপনার উপর্যুক্ত কার্যকলাপ বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী শৃংখলা বিধির পরিপন্থি এবং কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৫ (ক) এবং ৩৫(খ) প্রবিধি অনুসারে যথাক্রমে “দায়িত্ব পালনে অবহেলা” এবং “অসদাচরণ” এর অন্তর্ভুক্ত;

সেহেতু, উল্লিখিত কর্মকান্ডের জন্য বাঅনৌপ-কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৯০ এর ৩৬(১)(আ) প্রবিধি অনুযায়ী আপনার প্রতি যে কোন গুরু দণ্ড কেন আরোপ করা হবে না অত্র অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে তার জবাব প্রদানের জন্য বলা হলো।

স্বাক্ষরিত

(রিয়াজ এডমিরাল আরিফ আহমেদ মোস্তফা)
চেয়ারম্যান
বিআইডব্লিউটিএ।

অনুলিপি

- ০১। অধ্যক্ষ, ডেক ও ইঞ্জিন কর্মী প্রশিক্ষণ কেন্দ্র (ডিইপিটিসি), সোনাকান্দা, বিআইডব্লিউটিএ, নারায়ণগঞ্জ।
- ০২। অধ্যক্ষ, ড্রেজ ট্রেনিং ইনস্টিটিউট, বিআইডব্লিউটিএ, শিমুলিয়া, মুন্সিগঞ্জ।
- ০৩। পরিচালক, আইসিটি বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা
(ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০৪। উপ-পরিচালক, হিসাব বিভাগ, বিআইডব্লিউটিএ, নারায়ণগঞ্জ।
- ০৫। সমন্বয় কর্মকর্তা, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৬। সহকারী পরিচালক, হিসাব বিভাগ, বিআইডব্লিউটিএ, শিমুলিয়া, মুন্সিগঞ্জ।
- ০৭। ব্যক্তিগত সহকারী, সদস্য (অর্থ) মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৮। নথি।

(মোঃ সাইফুল ইসলাম)
পরিচালক(প্রশাসন ও মানবসম্পদ)
বিআইডব্লিউটিএ।

